# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 01-05-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) বড়বাজারের মেছুয়া পট্টিতে অগ্নিকান্ডে গাফিলতি রয়েছে কিনা, তার তদন্তে গঠিত হয়েছে সিট।

২) প্রধানমন্ত্রী আজ মুম্বাইতে ওয়ার্ল্ড অডিও ভিজুয়াল এন্টারটেইন্মেন্ট সামিট- ওয়েভসের উদ্বোধন করবেন।

৩) রাজ্যপাল হাওড়া মিউনিসিপাল কর্পোরেশন সংশোধনী বিলে অনুমোদন দেওয়ায়, ঐ পুরসভার ভোট নিয়ে দীর্ঘ জট কাটতে চলেছে।

৪) আজ ঐতিহাসিক মে দিবস। নানা অনুষ্ঠান ও কর্মসূচির মধ্য দিয়ে দিনটি বিশ্ব জুড়ে শ্রমিক দিবস হিসেবে উদযাপিত হচ্ছে।

৫) কেন্দ্রীয় মন্ত্রিসভা, আসন্ন আদমশুমারিতে জাতিভিত্তিক গণনা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে।

৬) ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের সর্বত্রই আগামী কয়েকদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস।

বাঁকুড়ার সানাবাঁধ গ্রামে বজ্রপাতে দুই স্কুল পড়ুয়ার মৃত্যু।

------------------------------------------------------------------------------------------------

কলকাতার বড়বাজার এলাকার মেছুয়া পট্টিতে হোটেল ঋতুরাজে বিধ্বংসী অগ্নিকান্ডে প্রাণহানীর ঘটনায় গঠন করা হয়েছে বিশেষ দল- সিট। কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা জানিয়েছেন, কোথাও গাফিলতি ছিল কিনা, আবাসিকদের হোটেল থেকে দ্রুত বের করা গেলোনা কেনো, এই বিষয়গুলি তদন্ত করে দেখা হবে।

এদিকে, গতকাল ঘটনাস্থলে যান দমকলের ডিজি রণবীর কুমার। তিনি জানান, হোটেলের অগ্নিনির্বাপণ ব্যবস্থা ঠিক মত কাজ করছিলনা। ফায়ার লাইসেন্সের মেয়াদও তিন বছর আগেই শেষ হয়ে গেছে।

গতকাল ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করেন ফরেন্সিক বিশেষজ্ঞরা।

মেছুয়ায় অগ্নিকান্ডের উচ্চ পর্যায়ের তদন্ত হবে বলে রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন। গতকাল NRS হাসপাতালে যাওয়ার পর সাংবাদিকদের তিনি বলেন, গাফিলতি প্রমাণিত হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাইট ফিরহাদ

বিজেপি এই ঘটনায় প্রশাসনিক ব্যর্থতাকেই দায়ী করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার গতকাল ঘটনাস্থলে যান। তিনি বলেন, পুরসভা, প্রশাসনের অশুভ আঁতাতের কারণেই বারবার কলকাতায় আগুন লাগার ঘটনা হচ্ছে।

বাইট- সুকান্ত

CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, ভয়াবহ এই ঘটনার সময় রাজ্যের দমকল মন্ত্রী উৎসবে মেতে রয়েছেন।

বাইট সুজন

এদিকে কেন্দ্রীয় ও রাজ্য সরকার, এই মর্মান্তিক ঘটনায় অর্থ সহায়তা ঘোষণা করেছে। প্রধানমন্ত্রী জাতীয় ত্রাণ তহবিল থেকে মৃতদের পরিবার পিছু ২ লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেওয়ার কথা ঘোষণা করা হয়। রাজ্য সরকারও, মৃতদের পরিবার পিছু ২ লক্ষ এবং আহতদের ৫০ হাজার টাকা করে দেবে।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভারতের প্রথম ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল এন্টারটেইনমেন্ট সামিট -ওয়েভস ২০২৫ এর উদ্বোধন করবেন। চার দিন ব্যাপী এই শীর্ষ সম্মেলন চলবে মুম্বইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে। এই সম্মেলনের

ভাবনা “কানেক্টিং ক্রিয়েটরস, কানেক্টিং কান্ট্রিজ”। বিনোদন ও অডিও ভিসুয়াল শিল্পের ভবিষ্যৎ নিয়ে বিশ্ব স্তরে আলোচনার বিভিন্ন দিক উন্মোচন করবে এই সম্মেলন।

--------------------

রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস, হাওড়া মিউনিসিপাল কর্পোরেশন সংশোধনী বিলে অনুমোদন দেওয়ায়, ঐ পুরসভার ভোট নিয়ে দীর্ঘ জট কাটতে চলেছে। ২০২১ সালে বিধানসভায় পাস হওয়া এই বিলে গতকাল রাজ্যপাল অনুমোদন দেন। এর ফলে ২০১৮ সাল থেকে পুরনিগমের বকেয়া ভোট করতে আর কোনো বাধা নেই বলে সরকারি সূত্রে জানা গেছে। রাজ্য সরকার হাওড়ার সঙ্গে বালি পুরসভাকে সংযুক্ত করতে বিধানসভায় সেই সংক্রান্ত বিল পাশ করিয়েছিল। কিন্তু তৎকালীন রাজ্যপাল জগদীপ ধনখড় সেই বিলে সই করেননি। তার পর আবার ২০২১ সালে হাওড়া থেকে বালিকে পৃথক করারও বিল পাশ করানো হয়। কিন্তু তাতেও এতদিন রাজ্যপালের অনুমোদন না মেলায়, সীমানা পুনর্বিন্যাসের কাজ করা যাচ্ছিল না। ফলে সাত বছর ধরে হাওড়ার পুর প্রশাসন পরিচালনা করছে প্রশাসকমণ্ডলী। বর্তমানে প্রশাসক পদে রয়েছেন শিশুরোগ বিশেষজ্ঞ সুজয় চক্রবর্তী।

পাশাপাশি পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেনী কমিশন সংশোধনী বিল ২০১৮ তে-ও সই করেছেন রাজ্যপাল। ডক্টর বোস, এর আগে গত মঙ্গলবার ‘পশ্চিমবঙ্গ টাউন অ্যান্ড কান্ট্রি

পরিকল্পনা ও উন্নয়ন সংশোধনী বিল', পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার ও ভাড়াটিয়া ট্রাইবুনাল সংশোধনী বিল এবং পশ্চিমবঙ্গ ট্যাক্সেশন ট্রাইবুনাল সংশোধনী বিল অনুমোদন করেছিলেন।

--------------------

রাজ্য সরকারের প্রস্তাব মেনে রাজ্যপাল সিভি আনন্দ বোস নতুন তথ্য কমিশনার নিয়োগে ছাড়পত্র দিয়েছেন। নব নিযুক্ত দুই তথ্য কমিশনার হলেন সঞ্চিতা কুমার এবং ডঃ মৃগাঙ্ক মাহাতো। গতকাল রাজভবনের তরফে বিবৃতি জারি করে একথা জানানো হয়।

--------------------

গোর্খা আঞ্চলিক প্রশাসন-জিটিএ-তে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে কোনো অনিয়ম হয়নি বলে সিআইডি জানিয়েছে। কলকাতা হাইকোর্টে এব্যাপারে চূড়ান্ত রিপোর্ট দিয়েছে তারা।

অন্যদিকে, জিটিএর তরফে রিপোর্ট দিয়ে জানানো হয়েছে, ৩১৩ জনের মধ্যে মাত্র ১৪ জন শিক্ষকের প্রশিক্ষণ এখনো সম্পন্ন হয়নি। বিচারপতি বিশ্বজিৎ বসু তদন্ত রিপোর্ট দেখে বলেন, সিআইডি দায়সারা তদন্ত করেছে। তবে যাদের প্রশিক্ষণ নেই তাদের জন্য

জিটিএ কি পদক্ষেপ করছে, তা আগামী ১৬ই জুনের মধ্যে কলকাতা হাইকোর্টকে জানাতে নির্দেশ দিয়েছেন বিচারপতি বসু।

আদালত বান্ধব হিসাবে নিযুক্ত আইনজীবী দাবি করেছেন, এই নিয়োগের বিষয়ে সিবিআই তদন্তের নির্দেশ দেওয়া উচিত আদালতের।

--------------------

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশ হবে আগামীকাল। সকাল ন'টায় সাংবাদিক সম্মেলন করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন পর্ষদ সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। সকাল ৯ টা ৪৫ থেকে wbbsedata.com, indiaresults.com, results.siksha, fastresult.in, edutips.in ইত্যাদি ওয়েবসাইট এবং wbbse অ্যাপে ফল জানা যাবে। পর্ষদের বিভিন্ন ক্যাম্প অফিস থেকে স্কুলগুলি, মার্কশিট ও শংসাপত্র সংগ্রহ করতে পারবে সকাল ১০ টা থেকে।

--------------------

আজ ঐতিহাসিক মে দিবস। নানা অনুষ্ঠান ও কর্মসূচির মধ্য দিয়ে দিনটি বিশ্ব জুড়ে শ্রমিক দিবস হিসেবে পালিত হচ্ছে। ১৮৮৬ সালে আজকের দিনে আমেরিকার শিকাগো শহরের হে মার্কেটে কাজের সময় আট ঘণ্টা নির্দিষ্ট করার দাবিতে একত্রিত

হয়েছিলেন শ্রমিকরা। পুলিশের গুলিতে সেদিন মৃত্যু হয়েছিল ১০ থেকে ১২ জন শ্রমিকরে। এই ঘটনার স্মরণে প্রতিবছর মে দিবস পালিত হয়। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

এদিকে রাজ্যে আরও বেশি করে শিল্প স্থাপনের দাবিতে গতকাল কলকাতায় মিছিল করে প্রদেশ কংগ্রেস। প্রদেশ কংগ্রেস কার্যায়লয় থেকে এই মিছিল শুরু হয়ে মধ্য কলকাতার কলেজ স্কোয়ারে ডাক্তার বিধানচন্দ্র রায়ের বাসভবন পর্যন্ত যায়।

-------------------

নানা ধার্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রামকৃষ্ণ মিশনের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপিত হচ্ছে। সকাল থেকেই বেলুড়মঠ সহ রামকৃষ্ণ মঠ ও অন্যান্য শাখা কেন্দ্রে ভিড় জমিয়েছেন ভক্তরা। ১৮৯৭ খ্রিস্টাব্দের পয়লা মে ঠাকুর শ্রীরামকৃষ্ণ দেবের ভক্ত বলরাম বসুর উত্তর কলকাতার বাগবাজারের বাড়িতে স্বামী বিবেকানন্দ রামকৃষ্ণ মিশন নাম দিয়ে একটি সংঘ প্রতিষ্ঠা করেন। ঠাকুর শ্রীরামকৃষ্ণের শিক্ষা ও মতাদর্শের প্রচার, সৌহার্দ্য স্থাপন, মানব সবাই সংঘের মূল লক্ষ্য হয়ে উঠেছিল।

-------------------

কেন্দ্রীয় মন্ত্রিসভা, আসন্ন আদমশুমারিতে জাতিভিত্তিক গণনা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে রাজনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি, এই বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। আজ নতুন দিল্লিতে মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো, একথা জানিয়েছেন। তিনি বলেন, আদমশুমারি একটি কেন্দ্রীয় বিষয়। যদিও কিছু রাজ্য রাজনৈতিক বাধ্যবাধকতা থেকে নিজেরা জাতিভিত্তিক গণনার কাজ করেছে।

--------------------

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের পরিবর্তে এবার থেকে জনস্বার্থ সংক্রান্ত মামলা শুনবেন বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দের ডিভিশন বেঞ্চ। আজ থেকেই এই নির্দেশ কার্যকর হচ্ছে। গতকালই বিজ্ঞপ্তি জারি করে একথা জানানো হয়।

সাধারণত হাইকোর্টের প্রধান বিচারপতির বেঞ্চই জনস্বার্থ মামলা শুনে থাকেন। প্রধান বিচারপতি কোনো কারনে অনুপস্থিত থাকলে তাঁর নির্দেশ মত অন্য কোন বেঞ্চে এই মামলার শুনানি হয়। কারণ প্রধান বিচারপতিই মাস্টার অফ রস্টার হিসেবে কোন বিচারপতি কি মামলা শুনবেন তা ঠিক করেন।

জনস্বার্থ মামলা নিয়ে বিভিন্ন সময় প্রধান বিচারপতিরা অসন্তোষ প্রকাশ করেছেন।পাবলিক ইন্টারেস্ট বা জনস্বার্থ মামলা এখন ব্যক্তিগত বা রাজনৈতিক স্বার্থের মামলা হয়ে গেছে বলে কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতিরা যেমন উষ্মা প্রকাশ  করেছেন তেমনই বর্তমান প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমও জনস্বার্থ মামলা শোনার ক্ষেত্রে নিজের অসন্তোষ একাধিক বার ব্যাক্ত করেছেন।

--------------------

বাংলাদেশের উত্তর অংশ ও তৎসংলগ্ন এলাকায় তৈরি ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের সর্বত্রই আগামী কয়েক দিন, হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। কোথাও কোথাও ঘন্টায় ৬০ থেকে ৭০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে বলে দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

দক্ষিণবঙ্গের পুরুলিয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ২ দশমিক ৭ডিগ্রি কম।

সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রির আশেপাশে থাকার সম্ভাবনা।

--------------------

বাঁকুড়ার সানাবাঁধ গ্রামে বজ্রপাতে দুই স্কুল পড়ুয়ার মৃত্যু হয়েছে। গতকাল দুপুরে পুকুরে স্নান করার সময় বজ্রাহত হয় ১৬ বছরের সনু লোহার ও বছর ১১-র অভি বাগদী। ঘটনায় এলাকায় শোকের ছায়া।

------------------- -------------------